



## নৈতিকতা কমিটি ডুয়েট, গাজীপুর।


স্মারক নং- ঢাশপ্রবি/N.I.S/23-24/ 22

তারিখ : ১৯ নভেম্বর ২০২৩ ইং

### নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮/১১/২০২৩ তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৯.৩০ ঘটিকায় অত্র বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটির উদ্যোগে আইকিউএসি কর্তৃক “জাতীয় শুদ্ধাচার কৌশল” বিষয়ক প্রশিক্ষণ ৩১১ নং সেমিনার কক্ষে (পুরাতন একাডেমিক ভবনের ৩য় তলা) অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আবদুর রশীদ। উক্ত প্রশিক্ষণে সভাপতিত্ব করবেন অধ্যাপক ড. মোঃ রাজু আহমেদ, সদস্য-সচিব নৈতিকতা কমিটি ও পরিচালক, আইকিউএসি, ডুয়েট, গাজীপুর। এছাড়াও উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসাবে থাকবেন জনাব এম. আমিনুর, সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর এন্ড ডিভিশনাল হেড, একাউন্টিং এন্ড ফাইন্যান্সিয়াল ডিভিশন, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, ঢাকা।

উল্লিখিত প্রশিক্ষণে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল সহকারী অধ্যাপক ও প্রভাষকগণ অংশগ্রহণ করবেন। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

  
১৯.১১.২০২৩

অধ্যাপক ড. মোঃ রাজু আহমেদ  
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও পরিচালক, IQAC  
ডুয়েট, গাজীপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল-

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর।
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর।
- ৩। সকল বিভাগীয় প্রধান (বিভাগের সকল সহকারী অধ্যাপক ও প্রভাষকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হল) ডুয়েট, গাজীপুর।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট (ইনস্টিটিউটের সকল সহকারী অধ্যাপক ও প্রভাষকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হল) ডুয়েট, গাজীপুর।
- ৫। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। অফিস প্রধান, প্রকৌশল অফিস (সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
- ৭। সংরক্ষণ নথি।